গোবিন্দগঞ্জ আব্দুল হক স্মৃতি কলেজ

GOBINDAGANJ ABDUL HAQUE SMRITY COLLEGE

ডাকঘর: গোবিন্দগঞ্জ নয়াবাজার, থানা: ছাতক, জেলা: সুনামগঞ্জ, বাংলাদেশ।
EIIN: 129856, Web: gahsc.edu.bd, NU College Code: 1905, Board College Code: 2526
Email: gobindaganjcollege@yahoo.com

স্মারক নং: ৫৫/৫৫ তারিখ: ০৩.১১.২০২৫ খ্রি.

রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

এতদ্বারা গোবিন্দগঞ্জ আব্দুল হক স্মৃতি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যেসকল শিক্ষার্থী এসএসসি-২০২৫ সালের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (মেধা ও সাধারণ) বৃত্তি পেয়েছে, তাদেরকে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী ০৯.১১.২০২৫ খ্রি. হতে ১৮.১১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

কলেজ অফিসে যা জমা দিতে হবে

১. শিক্ষার্থী মেধা/সাধারণ বৃত্তি পেয়েছে এই মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রের মূলকপি।

২. এসএসসির মার্কশিট, রেজিস্ট্রেশন কার্ড ও বোর্ডের বৃত্তির ফলাফলের ফটোকপি - ১ সেট।

৩. অনলাইন সুবিধাসম্পন্ন যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে (রেজিস্ট্রেশন কার্ডে নাম যেভাবে আছে) ব্যাংক হিসাব খুলতে হবে।

৪. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে লিখে জমা দিতে হবে।

৫. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি - ১ সেট।

৬. ব্যাংক হিসাব নম্বর (চেক অথবা জমার বই)-এর ফটোকপি জমা দিতে হবে।

[বি.দ্র. ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তিকৃত যেসকল শিক্ষার্থী এইচএসসি-২০২৪ সালের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (মেধা ও সাধারণ) বৃত্তি পেয়েছে, তাদেরকেও উক্ত তারিখের মধ্যে জমা দিতে হবে।]

০৩/১১/২০২৫

বরণ কুমার চৌধুরী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
গোবিন্দগঞ্জ আব্দুল হক স্মৃতি কলেজ
ছাতক, সুনামগঞ্জ।